



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৪৭.১১.০১৬.১৫-৯৭

তারিখঃ ৩০ অক্টোবর ২০১৮ খ্রিঃ

প্যানেল আইনজীবী তালিকাভুক্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ নির্বাচন কমিশন নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্যানেল আইনজীবী তালিকাভুক্ত করার লক্ষ্যে আগ্রহী আইনজীবীদের নিকট হতে প্রস্তাব আহ্বান করা যাচ্ছেঃ

শর্তাবলিঃ

- ১। প্রস্তাবকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ২। প্রস্তাবকারীকে এককভাবে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশনসহ উভয় বিভাগে অন্যান্য মোকদ্দমা পরিচালনার ক্ষেত্রে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে এবং এডভোকেট-অন-রেকর্ড হিসেবে তালিকাভুক্ত এডভোকেটগণকে অগ্রাধিকার দেয়া হবে। অবসর প্রাপ্ত জেলা জজগণকে হাইকোর্ট বিভাগের এডভোকেট হিসেবে তালিকাভুক্ত থাকতে হবে।
- ৩। প্রস্তাবকারীকে সংবিধান, নির্বাচন কমিশন সংশ্লিষ্ট আইন, মানবাধিকার, চাকুরি সংক্রান্ত আইনসহ প্রশাসনিক বিষয়াদি এবং জাতীয় সংসদ ও স্থানীয় সরকার নির্বাচন সম্পর্কিত আইন ও বিধি-বিধান সম্পর্কে বাস্তব জ্ঞান ও অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
- ৪। প্রস্তাবকারীকে নির্বাচন কমিশনের চাহিদা অনুযায়ী আইন বিষয়ক পরামর্শ প্রদান করতে হবে।
- ৫। পিটিশন/মোকদ্দমা পরিচালনার জন্য খাতওয়ালী ধার্যকৃত ফি নিম্নলিখিত হারে প্রদান করা হবেঃ

ক্রমিক	কাজের বিবরণ	ধার্যকৃত ফি
১।	বিভিন্ন প্রকৃতির প্রতি মামলার (ড্রাফটিং+ফাইলিং+এফিডেভিট) সম্পাদন খরচ বাবদ (হাইকোর্ট ও আপিল বিভাগ, জজকোর্ট এর জন্য)	১০,০০০/-
২।	প্রতিদিনের হাজিরা বাবদ (হাইকোর্ট এবং আপিল বিভাগ, জজ কোর্ট এর জন্য)	১০০০/-
৩।	শুনানি (প্রতি দিনের জন্য)	৫,০০০/-
৪।	বিবিধ (পেপার বুক প্রস্তুত, ফটোকপি, সার্টিফাইড কপি উত্তোলন, তথ্য সংগ্রহ)	প্রকৃত খরচ
৫।	কমিশনের চাহিদা মোতাবেক জরুরিভাবে তালিকাভুক্তকরণ ও শুনানির জন্য অতিরিক্ত ফি এর জন্য	প্রকৃত খরচ

- ৬। প্রস্তাবকারী একের অধিক প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে সংযুক্ত থাকলে উক্ত প্রতিষ্ঠানের ঠিকানাসহ কার্যকালের বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে।

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ccs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ccs.gov.bd

- ৭। প্যানেলভুক্ত আইনজীবী এর মেয়াদকাল নিয়োগের তারিখ থেকে ০৫ (পাঁচ) বছর হবে। পরবর্তীতে কমিশনের অনুমোদন সাপেক্ষে সময় বর্ধিত করা যেতে পারে।
- ৮। আইন পেশায় বেশী/দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন কোন এডভোকেট বিশেষ যুক্তিসহ বিজ্ঞাপনে উল্লিখিত ফি'এর অতিরিক্ত দাবি করে প্যানেলে অন্তর্ভুক্ত হবার জন্য আবেদন করতে পারবেন।
- ৯। প্যানেলভুক্ত আইনজীবী অব্যাহতির ক্ষেত্রে যে কোন পক্ষ হতে ৯০ (নব্বই) দিনের নোটিশ প্রদান করতে হবে।
- ১০। আগ্রহী প্রস্তাবকারীকে তাঁর (ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) চেম্বারের ঠিকানা [টেলিফোন, মোবাইল, ফ্যাক্স নম্বর ও ই-মেইল আইডিসহ], (ছ) শিক্ষাগত যোগ্যতা, (জ) জন্ম তারিখসহ ৩১-০১-২০১৮ খ্রিঃ তারিখে বয়স, (ঝ) জাতীয়তা, (ঞ) হাইকোর্ট ও আপিল বিভাগে এডভোকেট-অন-রেকর্ড হিসেবে অন্তর্ভুক্তির তারিখ উল্লেখপূর্বক প্রস্তাব পেশ করতে হবে। প্রস্তাবকারীকে প্রস্তাবপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা ও পেশাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, বার কাউন্সিল প্রদত্ত আইনজীবী সনদপত্রের সত্যায়িত অনুলিপি, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি এবং হাইকোর্ট ও আপিল বিভাগে মামলা পরিচালনার ক্ষেত্রে অভিজ্ঞতার সমর্থনে যথাযথ কাগজপত্র সংযুক্ত করতে হবে।
- ১১। প্রস্তাবপত্র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা এর বরাবরে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসযোগে পৌছাতে হবে এবং খামের উপরে “প্যানেল-আইনজীবী তালিকাভুক্তি” উল্লেখ করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ১২। প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিষয়ে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত গণ্য হবে।
- ১৩। বিগত ২৮ জানুয়ারি ২০১৮ তারিখের ১৭.০০.০০০০.০৪৭.১১.০১৬.১৫-০৪নং স্মারকমূলে প্যানেল আইনজীবী তালিকাভুক্তি বিজ্ঞপ্তি অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে জমাদানকৃত ০৮ (আট) জন আবেদনকারীর পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- ১৪। নির্বাচন কমিশন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই অত্র বিজ্ঞপ্তি বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

(মোঃ শরীফ হোসেন হায়দার)

উপ-সচিব (আইন)

নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।